অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ওন্টারিও হ্রদের বন্যা থেকে আপস্টেট সমাজগুলিকে সুরক্ষা প্রদান করার জন্য অতিরিক্ত রাজ্যের সংস্থানসমূহ নিয়োগ করার কথা ঘোষণা করেছেন

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security And Emergency Services, DHSES) 70,000 বালির বস্তা এবং দুটি ছয় ইঞ্চির পাম্প সরাসরি বন্যার বিরুদ্ধে সুরক্ষা প্রদান করার জন্য মনরো কাউন্টিতে নিয়োগ করেছে

শনিবার বিকেলের মধ্যে আটটি প্রভাবশালী কাউন্টিতে রাজ্য প্রায় 750,000 খালি বালির বস্তা, প্রায় 47,000 ভর্তি বালির বস্তা, 14টি স্যান্ডব্যাগার, শত শত পাম্প এবং 670 ফুট অ্যাকোয়াড্যাম নিয়োগ করবে।

নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard) প্রস্তুতি কর্মসূচী সমর্থন করার জন্য রবিবারের মধ্যে 100 জন সদস্যকে সক্রিয় করবে

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) পক্ষ থেকে সাধারণ পারমিট উপকূলের সম্পত্তির মালিকদের জন্য মেরামতি ত্বরান্বিত করার জন্য কার্যকর থাকবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে তিনি বন্যার হাত থেকে রক্ষা করার জন্য ওন্টারিও হ্রদের সীমান্তের সমাজগুলিতে অতিরিক্ত রাষ্ট্রীয় সংস্থান নিযুক্ত করেছেন। হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরী পরিষেবা বিভাগ 70,000 বালির বস্তা এবং দুটি ছয় ইঞ্চি পাম্প সরাসরি মনরো কাউন্টিতে নিয়োগ করেছে। শনিবারের শেষে, রাজ্য প্রায় 750,000টি খালি বালির বস্তা, প্রায় 47,000টি ভরাট বালির বস্তা, 14টি স্যান্ডব্যাগার, শত শত পাম্প এবং 670 ফুট অ্যাকোয়াড্যাম নিয়োগ করবে হ্রদের উপকূল বরাবর আটটি কাউন্টি জুড়ে। হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরী পরিষেবা বিভাগ স্থানীয় অংশীদারদের সাথে যোগাযোগ অবিরত রেখে চলেছে এবং প্রয়োজন মত সহায়তা প্রদান করার জন্য অতিরিক্ত বালির বস্তা এবং স্যান্ডব্যাগার প্রস্তুত করে রেখেছে। নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের প্রস্তুতি কর্মসূচী সমর্থন করার জন্য রবিবারে মধ্যে 100 জন সদস্য সক্রিয় রাখবে।

"আমাদের তাত্ক্ষণিক উদ্বেগ হচ্ছে বন্যার ক্ষেত্রে জরুরি প্রস্তুতি, যা রাজ্যটির সমগ্র উত্তর উপকূলকে প্রভাবিত করার সম্ভাবনা রয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা স্থানীয় সমাজগুলির সাথে উপকূল সুরক্ষিত করার জন্য কাজ করছি যার মধ্যে রয়েছে বালির বস্তা এবং জরুরী অ্যাকোয়াডাম

দিয়ে উপকূল শক্তিশালী করা এবং আমরা ন্যাশানাল গার্ডের 100 জন সদস্য নিয়োগ করছি। আমাকে বছরে পাঁচবার বলা হয় যে এটি একশো বছরে একবার হওয়া বন্যা, কিন্তু আমি বিশ্বাস করি যে এই রেকর্ড স্তরগুলির পুনরাবৃত্তি হবে এবং উচ্চতর এবং আরও স্থিতিশীল উপকূল আরো ভালোভাবে গড়ে তোলার কথা আমাদের ভাবতে হবে। যদি ফেডারেল সরকার তার 2 ট্রিলিয়ন মার্কিন ডলারের পরিকাঠামো প্রোগ্রাম পাস করে, তাহলে সেই অর্থের একটি অংশ আমাদের উপকূলগুলি পুনর্নির্মাণের জন্য ব্যবহার করা উচিত যাতে আমরা নিশ্চিত করতে পারি জে এই নতুন আবহাওয়ার বাস্তবতাগুলির জন্য আমরা প্রস্তুত। এবং IJC তার কাজ করতে হবে জল স্তরকে আরও ভালভাবে পরিচালনা করার মাধ্যমে যাতে তা এখন যেখানে আছে সেখানে পৌঁছতে না পারে।"

রাজ্যের কর্মকর্তাদের সাথে এই সপ্তাহের শুরুতে হওয়া মিটিঙে আন্তর্জাতিক যৌথ কমিশন (International Joint Commission, IJC) প্রভাব হ্রাস করার জন্য সেন্ট লরেন্স নদীতে রবার্ট মোজেজ-রবার্ট এইচ. সন্ডার্স পাওয়ার বাঁধ (Robert Moses-Robert H. Saunders Power Dam) থেকে জলের প্রবাহ বৃদ্ধি করেছে তাহলেও হ্রদের পানির স্তর গড়ের চেয়ে এক ফুটেরও বেশি রয়েছে এবং এর বৃদ্ধি অবিরত থাকতে পারে।

2017 সালে নিউ ইয়র্কের হাজার হাজার মানুষকে বন্যার সাথে যে লড়াই করতে হয়েছিল তা প্রতিরোধ করতে লেক অন্টারিও সিস্টেম থেকে জলের বহি প্রবাহ সর্বাধিক করার অনুরোধ জানিয়ে এই বছরের গোড়ার দিকে, গভর্নর কুওমো IJC কে লিখেছিলেন। তারপর থেকে, জল স্তরগুলি স্বাভাবিকের তুলনায় বেশি থেকেছে এবং আগামী সপ্তাহগুলিতে তা বাড়তে পারে বলে আশা করা হচ্ছে, যার ফলে বাড়ির মালিকদের এবং ব্যবসাগুলিকে সম্ভাব্য বন্যা থেকে রক্ষা করার জন্য অঞ্চলটিতে রাজ্যের সম্পদগুলির সক্রিয় নিয়োজন প্রয়োজন।

বিভাগের সমন্বয়িত প্রচেষ্টা এবং সংস্থান নিয়োগ করা ছাড়াও, গ্রেট লেকস বেসিনে চলতে থাকা স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টিপাত এবং বরফ গলে যাওয়ার জন্য ওন্টারিও হ্রদ এবং সেন্ট লরেন্স নদীতে জলের স্তর বেড়ে যাওয়ার কারণে সম্ভাব্য ক্ষতির প্রভাবগুলি দূর করতে গভর্নর কুওমো স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরকে (State Department of Environmental Conservation) একটি জেনারেল পার্মিট ইস্যু করার নির্দেশ দিয়েছেন। DEC কমিশনানের ইস্যু করা জরুরি ঘোষণা ভিত্তিক এই পার্মিট, উপকূলবর্তী সম্পত্তির মালিকদের বন্যার কারণে ক্ষতিগ্রস্ত তাদের সম্পত্তির দ্রুত প্রয়োজনীয় মেরামত এবং স্থিতিশীল করার জন্য প্রক্রিয়াগুলিকে দ্রুততর করবে। উচ্চ জলস্তর চলতে থাকবে বলে অনুমান করা হচ্ছে এবং এর ফলে সমুদ্র উপকূলের বিস্তীর্ণ অঞ্চলের ক্ষয় হবে, যা উপকূলবর্তী স্ট্রাকচারগুলির ক্ষতি করবে এবং 2017 সালের বসন্তকালে হওয়া ঐতিহাসিক বন্যার মতো পরিকাঠামোকে বিপন্ন করে তুলবে।

নতুন পার্মিটটি DEC-র ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। 30শে এপ্রিল, 2020 অবধি DEC আবেদন গ্রহণ করবে। জেনারেল পার্মিট কর্তৃপক্ষ সেপ্টেম্বর 30, 2020 পর্যন্ত কার্যকর থাকবে।

অনুমোদিত ক্রিয়াকলাপগুলি অন্তর্ভুক্ত করে:

- ক্ষতিগ্রস্ত কাঠামোগুলির মেরামত এবং কোনো বস্তুর প্রতিস্থাপন;
- বিদ্যমান সার্বজনীন সড়ক, সেতু, ইউটিলিটি এবং অন্যান্য সার্বজনীন পরিকাঠামোগুলির মেরামত বা প্রয়োজনীয় সামগ্রী দিয়ে পুনঃনির্মাণ;
- সাময়িক ঠেকনা এবং আস্তরণ দিয়ে বিদ্যমান, কর্মরত ঝড়-দ্বারা ক্ষতিগ্রস্ত আবাস, ডেক, এবং হাঁটার পথগুলিকে স্থিতিশীল করা;
- উপকূলের পলি জমে লেক অন্টারিওর শাখানদীগুলির গতিপথ বন্ধ হয়ে গেলে তা সরানো।

যে সমস্ত বাড়ির মালিক এবং পৌরসভাগুলির পারমিটগুলি সম্পর্কে প্রশ্ন আছে তারা আঞ্চলিক DEC পার্মিট প্রশাসকের (Regional DEC Permit Administrator) সাথে যোগাযোগ করতে পারেন।

তা ছাড়াও, রাজ্য পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) ডিপার্টমেন্ট অফ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিসনের (Department of Corrections and Community Supervision, DOCCS) সহযোগিতায় ওন্টারিও হ্রদের উপকূলে অবস্থিত আটটি কাউন্টিতে বালির বস্তা ভর্তি করার কার্যক্রম পরিচালনা করছে, যেখানে এই বিভাগ 5-12 জন যোগ্য বন্দীকে নিয়োগ করেছে, যারা প্রায় 113,000 বালির বস্তা ভরেছেন এবং একটি অ্যাকোয়াড্যাম নিয়োগের জন্য কাজ করেছেন। পরিস্থিতির যেমন অগ্রগতি হবে, সেই হিসেবে DOCCS অতিরিক্ত কর্মীদের উপলব্ধ করা অব্যাহত রাখবে।

DOT-র ইন্সিডেন্ট কম্যান্ড সিস্টেম এই আবহাওয়ার ঘটনার জন্য সক্রিয় করা হয়েছে এবং রক্ষণাবেক্ষণের কর্মীরা বন্যার আশঙ্কায় হ্রদের উপকূল বরাবর কৌশলগত অবস্থানগুলিতে DHSES সরঞ্জাম, যেমন জলের পাম্প এবং অ্যাকোয়াড্যাম নিয়োগ করছে। কর্মীরা এছাড়াও প্রতিক্রিয়া সরঞ্জাম প্রস্তুত করছে, নিচু এলাকায় নিষ্কাশন পরিকাঠামো পরিদর্শন করছেন, এবং ধ্বংসাবশেষের জন্য কালভার্টগুলি পরিদর্শন করছেন। নিউ ইয়র্ক স্টেট পাওয়ার অথরিটি অ্যান্ড ক্যানাল কর্পোরেশন (New York State Power Authority and Canal Corporation) প্রভাবিত সমাজে সংস্থান সরবরাহের জন্য সহায়তা প্রদান করেছে।

2017 সালে লেক অন্টারিও, নায়াগ্রা নদীর নিম্নাংশ এবং সেন্ট লরেন্স নদীর উপকূল বরাবর উচ্চ জলস্তরের ঘটনার পর, স্টেট লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স উপকূলের জন্য 95 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে। বন্যায় ক্ষতিগ্রস্ত অধিবাসীদের, ছোট ব্যবসা এবং পৌরসভাগুলির সহায়তার জন্য প্রাথমিকভাবে 45 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির সাথে পুনরুদ্ধারের কর্মসূচীটি শুরু হয়েছিল। পূর্ববর্তী ত্রাণকে শক্তিশালী করার জন্য এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের জন্য রাজ্য ও পৌরসভা সুবিধা কার্যক্রম থেকে এটিকে 5 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূরক অর্থ প্রদান করা হয়েছিল। 2018-19 সালের রাজ্যের বাজেটে পুনরুদ্ধারের প্রোগ্রামের জন্য অতিরিক্ত 40 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল, যা সমুদ্র উপকূল পুনর্গঠন ও স্থিতিশীলতা, এবং বন্যা ও সামুদ্রিক দেওয়াল জরুরি পুনর্নির্মাণের অর্থ পরিশোধ করা সমর্থন করে চলেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন